**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
খুলনা।
www.khulnadiv.dss.gov.bd

স্মারক নম্বর ৪১.২৪.৪০০০.০০০.৯৯.০০১.২৩.৩১১২ তারিখ: ০১/১১/২০২৩ খ্রি:

বিষয়ঃ গবেষণা প্রস্তাব আহ্বান।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর একটি জাতি গঠনমূলক প্রতিষ্ঠান। এ অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ (Supervision, Monitoring and Evaluation) এর লক্ষ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের সৃষ্টি। বিভাগীয় কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধিতে মাঠ পর্যায়ে এ দপ্তরের গুরত্ব অপরিসীম। এ কার্যালয় হতে চলতি ২০২৩-২৪ অর্থ বছরে সামাজিক গবেষনা পরিচালনার উদ্যোগ গ্রহন করা হয়েছে। যার অন্যতম লক্ষ্য যোগ্য, দক্ষ, সক্ষম উদ্যোগী ও প্রতিশ্রুতিবদ্ধ পেশাদার সমাজকর্মী গড়ে তোলা।

**গবেষনার উদ্দেশ্যঃ**

১। বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের আওতাধীন সকল কর্মচারীদের পেশাদারিত্বের উন্নয়নসাধন করা।
২। বিভাগাধীন কর্মকর্তা-কর্মচারীদের গবেষনা/প্রায়োগিক গবেষনা কার্যক্রমে অংশগ্রহনে উৎসাহিত করা।
৩। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের সামাজিক সমস্যা সংশ্লিষ্ট বিষয়ের উপর গবেষনা কার্যক্রম পরিচালনা।
৪। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের প্রভাব মূল্যায়ন ও যথার্থতা যাচাই করা।
৫। চলমান কর্মসূচির সফল বাস্তবায়ন পদ্ধতি নিরূপন ও নতুন কর্মসূচি গ্রহনের জন্য অধিদপ্তরের নিকট প্রস্তাব প্রেরণ।

**গবেষণার প্রস্তাবের বিষয়বস্তুঃ**

(ক) ভূমিকা/ সমস্যার বিবরণ
(খ) গবেষণার যৌক্তিকতা
(গ) গবেষণার উদ্দেশ্য
(ঘ) গবেষণার পরিধি
(ঙ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণ)
(চ) উপাত্তের উৎস
(ছ) কর্ম এলাকা ও উপকারভোগীর বিবরণ
(জ) প্রত্যাশিত ফলাফল
(ঝ) কর্মপরিকল্পনা/সময়সীমা
(ঞ) বাজেট
(ট) গবেষণা প্রকল্পে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গের পরিচিতি
(ঠ) গবেষণা প্রকল্পের পরিচালকের জীবন বৃত্তান্ত।

**গবেষণার বিষয়াদিঃ**

সমাজসেবা অধিদফতর দেশের অন্যতম এক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ১৫(ঘ) অনুচ্ছেদের আলোকে দেশের বিভিন্ন অনগ্রসর শ্রেণীর কল্যাণ আমাদের সাংবিধানিক অঙ্গীকার। এ অঙ্গীকার পূরণের লক্ষ্যে বিবিধ কল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নে এ অধিদপ্তর পথিকৃৎ হিসেবে স্বীকৃত। মাঠ পর্যায়ে দপ্তর হিসাবে কার্যালয় হতে বর্নিত শাখার কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও মনিটরিং করা হয়। যথাঃ

**ক. কার্যক্রম অধিশাখা**

সমাজসেবা অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কর্মসূচিসমূহ, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা দুস্থ মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, চিকিৎসা ও প্রবেশন কর্মসূচি, দলিত জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধনসহ বিবিধ কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও মনিটরিং এ অধিশাখার মাধ্যমে সম্পাদিত হয়।

**খ. প্রতিষ্ঠান অধিশাখা**

সমাজসেবা অধিদপ্তরের প্রতিষ্ঠান শাখা এতিম ও অনাথ শিশু, প্রতিবন্ধী, দুস্থ ভবঘুরে অপরাধপ্রবণ ও সামাজিক প্রতিবন্ধীদের উন্নয়নে সংশ্লিষ্ট প্রাতিষ্ঠানিক কার্যক্রমের বাস্তবায়ন, নিয়ন্ত্রণ ও মনিটরিং কাজ এ অধিশাখার মাধ্যমে করা হয়। বর্ণিত বিভাগীয় কার্যক্রমসমূহ ও বিবিধ সামাজিক সমস্যা সংশ্লিষ্ট বিষয়াদি হবে গবেষনার ক্ষেত্র।

**গ.সামাজিক গবেষণা নির্দেশিকা**

সদর দপ্তর হতে প্রাপ্ত বরাদ্দের আলোকে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এ কার্যালয় কতৃক 'সামাজিক গবেষণা নির্দেশিকা-২০২৩' অনুমোদিত হয়েছে। এ নির্দেশিকার (এ কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে) আলোকে এ কার্যালয় হতে গবেষণার কর্ম পরিচালনা করা হবে।

**ঘ. গবেষণা প্রস্তবনা দাখিল:**

ক. গবেষণা প্রস্তাব উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা বরাবর সরাসরি দাখিল/ডাকযোগে প্রেরণ করা যাবে।

খ. গবেষণার বাজেট সর্বোচ্চ ১,৮০,০০০/- (এক লাখ আশি হাজার) টাকার মধ্যে হতে হবে। গবেষণা প্রস্তাব দাখিলের সর্বশেষ সময়সীমা বিকাল ৪:০০ টা, ৩০ নভেম্বর ২০২৩খ্রি.।

গ. বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, খুলনা বিভাগের আওতাধীন সামাজিক গবেষণা কাজে আগ্রহী যেকোন স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ গবেষণা কর্মের প্রস্তাব দাখিল করতে পারবেন।

ঘ. বাংলাদেশের যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রী প্রাপ্ত ব্যক্তি যার অনার্স/ মাস্টার্স পর্যায়ে থিসিস (গবেষণা) করার অভিজ্ঞতা আছে। তিনি 'সামাজিক গবেষণা নির্দেশিকা-২০২৩' অনুসরণ পূর্বক গবেষণা প্রস্তাব দাখিল করবেন। এখানে উল্লেখ্য যে, এম ফিল/ পিএইচডি ডিগ্রী প্রাপ্ত ব্যক্তি এবং জাতীয়/আন্তর্জাতিক স্বীকৃত জার্নালে যার একাধিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে তাকে এ গবেষণা কাজে অগ্রাধিকার প্রদান করা হবে।

এমতাবস্থায়, আপনার এবং আপনার অধিক্ষেত্রাধীন সকল কার্যালয় হতে গবেষণা কর্মে আগ্রহী কর্মকর্তা/ কর্মচারীদের নিকট হতে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। গবেষণা প্রস্তাবনা বিষয়ে যেকোন তথ্য জানার লক্ষ্যে উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর সাথে যোগাযোগক্রমে জানা যাবে।

05.11.2023

(অনিন্দিতা রায়)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
ই-মেইল:directorkhulna.dss@gmail.com

উপপরিচালক
জেল সমাজসেবা কার্যালয় (সকল)
খুলনা বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। সচিব,সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২| মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩| পরিচালক (প্রশাসন ও অর্থ/ কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৪। অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমী, ঢাকা।
৫। উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৬। জেনারেল ম্যানেজার, এতিম ও প্রতিবন্ধী ছেলে-মেয়েদের প্রশিক্ষণ ও পূর্ণবাসন কেন্দ্র, আশাশুনি, সাতক্ষীরা।
৭। অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা।
৮। তত্ত্বাবধায়ক/ উপতত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, যশোর/ পিএইচটি সেন্টার, শিশু পরিবার, ছোটমণি নিবাস, শেখ রাসেল এতিম ও দুঃস্থ শিশুদের প্রতিষ্ঠান ও অন্যান্য।